জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার ঢাকা বাংলাদেশ

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ছাত্রছাত্রীর কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে। আবেদন টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে গ্রহণ করা হবে (আবেদনের নিয়মাবলী এই বিজ্ঞপ্তির ২ নং ক্রমিকে দেখা যেতে পারে)।

আবেদনের সময় ঃ ২০/০৯/২০১৫ তারিখ সকাল ১০:০০ টা থেকে ০৮/১০/২০১৫ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত।

১. বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা ঃ

(ক) ২০১২ সাল এবং তার পরবর্তী বছরসমূহের মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রী আবেদন করতে পারবে।

(খ) মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় ৪র্থ বিষয় ধরে মোট জিপিএ গণনা করা হবে।

(গ) প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীগণ প্রত্যেক ইউনিটে আবেদন করতে পারবে। তবে C ইউনিটের ক্ষেত্রে প্রত্যেক বিভাগে আলাদা আলাদাভাবে আবেদন করতে হবে।

(ঘ) জি.সি.ই: ২০১০ সন থেকে তৎপরবর্তী সন পর্যন্ত 'ও' লেভেল পরীক্ষায় অন্তত ৫ (পাঁচ) টি বিষয়ে এবং ২০১৪ অথবা ২০১৫ সনের 'এ' লেভেল পরীক্ষায় অন্তত ২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ ছাত্রছাত্রী ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদের 'ও' লেভেল এবং 'এ' লেভেলের মোট ৭ (সাত) টি বিষয়ের মধ্যে ৪ (চার) টি বিষয়ে কমপক্ষে 'বি' গ্রেড ও ৩ (তিন) টি বিষয়ে কমপক্ষে 'সি' গ্রেড থাকতে হবে।

(ঙ) উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় ২০১৪ অথবা ২০১৫ সনের গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ ছাত্রছাত্রীর বিভিন্ন বিষয়ে নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে ঃ

ইউনিট/বিভাগের নাম	**মাধ্যমিক/সমমানের ও উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় মোট প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল**	**উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় বা বিষয়সমূহে নিম্নে উল্লিখিত ন্যূনতম গ্রেড থাকতে হবে**

<u>A-ইউনিট</u> (গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ)ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	মোট জিপিএ ৮.৫০	পদার্থবিজ্ঞানে এ-(মাইনাস) ও গণিতে এ গ্রেড
গণিত	মোট জিপিএ ৭.৫০	গণিতে বি গ্রেড
পদার্থবিজ্ঞান	মোট জিপিএ ৮.০০	পদার্থবিজ্ঞান এবং গণিতে এ-(মাইনাস) গ্রেড।
পরিবেশ বিজ্ঞান	মোট জিপিএ ৮.০০	রসায়ন, গণিত ও জীববিদ্যায় এ-(মাইনাস) এবং পদার্থবিজ্ঞানে বি গ্রেড
পরিসংখ্যান	মোট জিপিএ ৭.৫০	পরিসংখ্যান/গণিতে বি গ্রেড।
ভূতাত্ত্বিক বিজ্ঞান	মোট জিপিএ ৮.০০	গণিত ও রসায়নে এ-(মাইনাস) এবং পদার্থবিজ্ঞানে বি গ্রেড
রসায়ন	মোট জিপিএ ৮.০০	রসায়নে এ এবং গণিতে বি গ্রেড

<u>B-ইউনিট</u> (সমাজবিজ্ঞান অনুষদ)ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.২৫ পেতে হবে।

অর্থনীতি	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা ঃ মোট জিপিএ ৮.০০	বাংলায় এ/গণিতে এ /ইংরেজিতে এ-(মাইনাস) গ্রেড ।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	অর্থনীতিতে এ/বাংলায় এ/ইংরেজিতে এ-(মাইনাস) গ্রেড ।
	(গ) উচ্চমাধ্যমিক ব্যবসায় শিক্ষা শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল এ/ বাংলা এ/ পরিসংখ্যান এ/ কম্পিউটার শিক্ষায় এ গ্রেড/ইংরেজিতে এ-(মাইনাস)।
	(ঘ) উচ্চমাধ্যমিক অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	অর্থনীতিতে এ/বাংলায় এ /গণিতে এ /পরিসংখ্যানে এ/ কম্পিউটার শিক্ষায় এ গ্রেড/ইংরেজিতে এ-(মাইনাস) গ্রেড।
নগর ও অঞ্চল পরিকল্পনা	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/কৃষি শাখা ঃ মোট জিপিএ ৮.০০	গণিতে এ গ্রেড এবং ইংরেজিতে এ-(মাইনাস) গ্রেড ।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা /অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.০০	গণিতে এ গ্রেড এবং ইংরেজিতে এ-(মাইনাস) গ্রেড ।
নৃবিজ্ঞান	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/কৃষি শাখা ঃ মোট জিপিএ ৮.০০	বাংলায় এ- (মাইনাস) এবং ইংরেজিতে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	বাংলায় এ- (মাইনাস) এবং ইংরেজিতে বি গ্রেড।
সরকার ও রাজনীতি	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/কৃষি শাখা ঃ মোট জিপিএ ৮.০০	বাংলায় এ- (মাইনাস)/ইংরেজিতে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা /অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.০০	বাংলায় এ- (মাইনাস)/ইংরেজিতে বি গ্রেড।
লোক প্রশাসন	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	ইংরেজিতে এ- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/অন্যান্য শাখাঃ মোট জিপিএ ৭.০০	ইংরেজিতে এ- (মাইনাস) গ্রেড।
ভূগোল ও পরিবেশ	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/কৃষি শাখাঃ মোট জিপিএ ৮.০০	বাংলায় এ- (মাইনাস)/ইংরেজিতে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা /অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.০০	বাংলায় এ- (মাইনাস)/ইংরেজিতে বি গ্রেড।

<u>C-ইউনিট</u> (কলা ও মানবিকী অনুষদ)ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.০০ পেতে হবে।

আন্তর্জাতিক সম্পর্ক বিষয় কোড-1	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	ইংরেজিতে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক শাখা ঃ মোট জিপিএ ৭.০০	ইংরেজিতে বি গ্রেড।
ইংরেজি বিষয় কোড-2	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৮.০০	ইংরেজিতে এ- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক মোট জিপিএ ৭.৫০	ইংরেজিতে এ- (মাইনাস) গ্রেড।
ইতিহাস বিষয় কোড-3	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	ইংরেজিতে বি এবং বাংলায় এ- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক	ইংরেজিতে বি এবং বাংলায় এ- (মাইনাস) গ্রেড।

	মোট জিপিএ ৭.০০	
দর্শন বিষয় কোড-4	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা ঃ মোট জিপিএ ৭.০০	বাংলা এবং ইংরেজিতে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৬.০০	বাংলা এবং ইংরেজিতে বি গ্রেড।
নাটক ও নাট্যতত্ত্ব বিষয় কোড-5	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা /অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৬.৫০	বাংলাসহ যে কোন একটি বিষয়ে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক শাখা ঃ মোট জিপিএ ৬.০০	বাংলাসহ যে কোন একটি বিষয়ে বি গ্রেড।
প্রত্নতত্ত্ব বিষয় কোড-6	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.০০	বাংলা এবং ইংরেজিতে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক শাখা ঃ মোট জিপিএ ৬.৫০	বাংলা এবং ইংরেজিতে বি গ্রেড।
বাংলা বিষয় কোড-7	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৮.০০	বাংলায় এ এবং ইংরেজিতে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক শাখা ঃ মোট জিপিএ ৭.০০	বাংলায় এ এবং ইংরেজিতে বি গ্রেড।
জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিষয় কোড-8	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা ঃ মোট জিপিএ ৮.০০	বাংলায় এ-(মাইনাস) এবং ইংরেজিতে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	বাংলায় এ-(মাইনাস) এবং ইংরেজিতে বি গ্রেড।
চারুকলা বিষয় কোড-9	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ মানবিক/ ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.০০	বাংলা এবং ইংরেজিতে বি গ্রেড।

D-ইউনিট (জীববিজ্ঞান অনুষদ) ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

উদ্ভিদবিজ্ঞান	মোট জিপিএ ৭.৫০	জীববিজ্ঞান/কৃষিবিজ্ঞানে এ গ্রেড।
প্রাণিবিদ্যা	মোট জিপিএ ৭.৫০	জীববিজ্ঞানে এ গ্রেড।
প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান	মোট জিপিএ ৮.০০	রসায়ন, জীববিজ্ঞান এবং গণিতে এ- (মাইনাস) গ্রেড।
ফার্মেসী	মোট জিপিএ ৮.০০	রসায়নে এ, জীববিজ্ঞানে এ- (মাইনাস), গণিত/ পরিসংখ্যান/ কম্পিউটার সায়েন্সে এ- (মাইনাস) গ্রেড।
মাইক্রোবায়োলজি	মোট জিপিএ ৮.০০	রসায়নে এ, জীববিজ্ঞানে এ এবং ইংরেজিতে এ- (মাইনাস) গ্রেড।
বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	মোট জিপিএ ৮.০০	রসায়ন, জীববিজ্ঞান এবং গণিতে এ- (মাইনাস), ইংরেজিতে বি গ্রেড।
পাবলিক হেলথ্ এন্ড ইনফরমেটিক্স	মোট জিপিএ ৮.০০	রসায়ন এবং জীববিজ্ঞানে এ -(মাইনাস), গণিতে বি গ্রেড।

E-ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ) : মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

ফিন্যান্স এন্ড ব্যাংকিং	(ক) উচ্চমাধ্যমিক ব্যবসায় শিক্ষা/ মানবিক ও অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	গণিত/অর্থনীতি/হিসাববিজ্ঞান/ ব্যবসায় নীতি ও প্রয়োগে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা ঃ মোট জিপিএ ৮.৫০	গণিতে বি গ্রেড।
মার্কেটিং	মোট জিপিএ ৮.৫০	হিসাব বিজ্ঞান/ব্যবসায় শিক্ষায় এ, ইংরেজিতে এ-(মাইনাস) গ্রেড।
একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম	মোট জিপিএ ৮.০০	ইংরেজিতে বি গ্রেড।
ম্যানেজমেন্ট স্টাডিজ	মোট জিপিএ ৮.৫০	ইংরেজিতে বি গ্রেড।

F-ইউনিট (আইন অনুষদ) ঃ মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ৩.০০ পেতে হবে।

আইন ও বিচার	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা ঃ মোট জিপিএ ৮.০০	বাংলায় এ- (মাইনাস) এবং ইংরেজিতে বি গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/ অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৭.৫০	বাংলায় এ- (মাইনাস) এবং ইংরেজিতে বি গ্রেড।

G-ইউনিট (ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিষ্ট্রেশন [আইবিএ-জেইউ])ঃ মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

বিবিএ প্রোগ্রাম	(ক) উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা ঃ মোট জিপিএ ৮.৫০	গণিতে এ এবং ইংরেজিতে এ- (মাইনাস) গ্রেড।
	(খ) উচ্চমাধ্যমিক মানবিক/ ব্যবসায় শিক্ষা/ অন্যান্য শাখা ঃ মোট জিপিএ ৮.০০	হিসাববিজ্ঞান/অর্থনীতি/গণিত/ব্যবসায় নীতি ও প্রয়োগে এ, ইংরেজিতে এ- (মাইনাস) গ্রেড।

H-ইউনিট (ইনষ্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি)ঃ মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ৩.৫০ পেতে হবে।

ইনফরমেশন টেকনোলজি	মোট জিপিএ ৮.০০	পদার্থবিজ্ঞানে এ- (মাইনাস) এবং গণিতে এ গ্রেড

২. **ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলী ঃ**

(ক) **আবেদন ফি (সার্ভিসচার্জসহ) ঃ A-ইউনিটঃ** গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ ৫২৫.০০ টাকা, **B-ইউনিটঃ** সমাজবিজ্ঞান অনুষদ ৫২৫.০০ টাকা, **C-ইউনিটঃ** কলা ও মানবিকী অনুষদ প্রতি বিভাগ ১৭৫.০০ টাকা, **D-ইউনিটঃ** জীববিজ্ঞান অনুষদ ৫২৫.০০ টাকা, **E-ইউনিটঃ** বিজনেস স্টাডিজ অনুষদ ৫২৫.০০ টাকা, **F-ইউনিটঃ** আইন অনুষদ ৩৫০.০০ টাকা, **G-ইউনিটঃ** ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ) ৩৫০.০০ টাকা, **H-ইউনিটঃ** ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) ৩৫০.০০ টাকা।

(খ) **টেলিটক মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে ভর্তির আবেদন করার জন্য আবেদনকারী ছাত্রছাত্রীর করণীয় ঃ**
আবেদনকারীকে এই বিজ্ঞপ্তি অথবা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.juniv.edu/admission) থেকে ভর্তি নির্দেশিকা ডাউনলোড করে বিস্তারিত জেনে নিম্নলিখিত পদ্ধতিতে ভর্তির জন্য আবেদন করতে হবে।

(১) **শিক্ষা বোর্ডের Key Word** (বোর্ডের নামের প্রথম তিন অক্ষর) ঃ চট্টগ্রাম CHI, ঢাকা DHA, রাজশাহী RAJ, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, কারিগরি শিক্ষা বোর্ড TEC এবং বিজনেস ম্যানেজমেন্ট HBM ।

(২) **ইউনিটসমূহের Key Word ঃ** গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ A, সমাজবিজ্ঞান অনুষদ B, কলা ও মানবিকী অনুষদভূক্ত বিভাগসমূহঃ আন্তর্জাতিক সম্পর্ক C1, ইংরেজি C2, ইতিহাস C3, দর্শন C4, নাটক ও নাট্যতত্ত্ব C5, প্রত্নতত্ত্ব C6, বাংলা C7, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ C8, চারুকলা C9, জীববিজ্ঞান অনুষদ D, বিজনেস স্টাডিজ অনুষদ E, আইন অনুষদ F, ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ) G এবং ইনষ্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) H ।

(৩) SMS **করার নিয়ম ঃ**

একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে JU লিখে <> এইচএসসি শিক্ষা বোর্ডের **Key Word** <> এইচএসসি পরীক্ষার রোল নম্বর <> এইচএসসি পরীক্ষার সাল <> এসএসসি শিক্ষা বোর্ডের **Key Word** <> এসএসসি পরীক্ষার রোল নম্বর <> এসএসসি পরীক্ষার সাল <> কাঙ্খিত ইউনিট এর Key Word লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ JU <> RAJ <> 123456 <> 2015 <> RAJ <> 123456 <> 2013 <> A <>

উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে JU লিখে <> দিয়ে YES লিখে <> দিয়ে PIN লিখে <> দিয়ে আবেদনকারীর নিজের ব্যবহৃত যে কোন অপারেটরের একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ JU <> YES <> 65432134 <>01XXXXXXXX (আবেদনকারীর মোবাইল নম্বর)

আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই নিজের ব্যবহৃত মোবাইলে ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা প্রত্যাহার করা যাবে না। **ভর্তি পরীক্ষার রোল নম্বর সযত্নে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, SMS এর মাধ্যমে আবেদনের শেষ সময় ০৮/১০/২০১৫ তারিখ রাত ১২ঃ ০০ টা পর্যন্ত।**

(গ) উম্মুক্ত বিশ্ববিদ্যালয়, ও/এ লেভেল এবং অন্যান্য দেশী-বিদেশী প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের যে কোন একটি ইউনিট অফিসে ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে সমতা নির্ধারণী (equivalence) সার্টিফিকেট সংগ্রহ করতে হবে। অত:পর ভর্তি হতে ইচ্ছুক ইউনিট/বিভাগের জন্য প্রযোজ্য পরিমাণ পরীক্ষার ফি (এই বিজ্ঞপ্তির ২-এর ক দ্রষ্টব্য) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়স্থ অগ্রণী ব্যাংক লিঃ-এ বিবিধ রশিদের মাধ্যমে জমা দিতে হবে। এরপর আবেদনপত্র (যা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ইউনিট অফিসে পাওয়া যাবে) পূরণ করে তার সাথে ফি জমার রশিদ এবং সমতা নির্ধারণী সার্টিফিকেট সংশ্লিষ্ট ইউনিট অফিসে জমা দিতে হবে। এভাবে আবেদনের শেষ সময় ০৮/১০/২০১৫ তারিখ বেলা ০২ঃ ০০ টা পর্যন্ত। তবে এক্ষেত্রে প্রার্থীকে ভর্তি পরীক্ষার এক সপ্তাহ পূর্বে সংশ্লিষ্ট ইউনিট/বিভাগ বরাবরে সাদা কাগজে একটি আলাদা আবেদন করে সম্মতি নিতে হবে।

(ঘ) প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড ঃ

প্রবেশপত্রের জন্য প্রথমে এককপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০x৩০০ পিক্সেল এবং ফাইল সাইজ ১০০ কেবির বেশি নয়) ও আবেদনকারীর স্বাক্ষর (৩০০x ৮০ পিক্সেল এবং ফাইল সাইজ ৬০ কেবির বেশি নয়) স্ক্যান করে ২টি আলাদা ফাইল তৈরী করে রাখতে হবে। প্রবেশপত্র ডাউন লোড করতে http://ju.teletalk.com.bd অথবা www.juniv.edu/admission এ গিয়ে প্রথমে নিজ নিজ HSC Board, Roll, Passing Year এবং Registration Number ইনপুট দিতে হবে। ইনপুট করা তথ্য সঠিক হলে প্রতিটি ইউনিটের জন্য আলাদা PIN নম্বর দেখানো হবে। এর পর Photo ও স্বাক্ষর আপলোড করার অপশন পাওয়া যাবে। আপলোড সম্পন্ন হলে আবেদনকৃত এক বা একাধিক ইউনিটের জন্য পৃথকভাবে প্রদত্ত PIN নম্বর দিয়ে Admit Card ডাউন লোড করতে হবে। এরপর Admit Card(s) প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্রে ছাত্রছাত্রীর ইউনিট, নাম, রোল নম্বর এবং ছবি ও স্বাক্ষর মুদ্রিত থাকবে।

একাধিক ইউনিটে আবেদনকারীকে সর্বশেষ আবেদনের পর উপরোক্ত নিয়মে Photo ও স্বাক্ষর আপলোড করে Admit Card সমুহ প্রিন্ট করতে হবে। Photo ও স্বাক্ষর আপলোড করার পর আর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। Photo ও স্বাক্ষর আপলোড করার সর্বশেষ সময় ১০/১০/২০১৫ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত।

(ঙ) সিটপ্লান ও ফলাফল ঃ

পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্রের নাম, ভবনের নাম ইত্যাদি যাবতীয় তথ্যসহ সিটপ্লান এবং ভর্তি পরীক্ষার ফলাফল SMS এর মাধ্যমে জানা যাবে অথবা www.juniv.edu/admission থেকে জানা যাবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচির কোনো পরিবর্তন হলে দৈনিক সংবাদপত্র এবং www.juniv.edu/admission এর মাধ্যমে তা জানানো হবে।

(চ) **ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়ম অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ**

১. MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। Optical Mark Reader (OMR) পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়ন করা হবে । প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২০ (শূন্য দশমিক দুই শূন্য) নম্বর কাটা যাবে।

২. G ইউনিট ব্যতীত অন্যান্য ইউনিট/বিভাগে ৮০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৫৫ মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে ৫ মিনিট সময় দেয়া হবে।

৩. G ইউনিটে ৭৫ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৫৫ মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে ৫ মিনিট সময় দেয়া হবে। ০৫ নম্বরের মৌখিক পরীক্ষা পরবর্তী সময়ে নেয়া হবে।

৪. C ইউনিটভুক্ত নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগে লিখিত পরীক্ষায় পাশকৃত প্রার্থীদের ২০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা পরবর্তী সময়ে নেয়া হবে। ব্যবহারিক পরীক্ষায় পাস নম্বর ন্যূনতম ৪০%।

৫. লিখিত এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার ফলাফলের সাথে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডের ভিত্তিতে সর্বোচ্চ (৭.৫+১২.৫) = ২০ নম্বর যোগ করে চূড়ান্ত ফলাফল তৈরী করা হবে।

৬. ভর্তি পরীক্ষা শেষ হওয়ার সর্বোচ্চ ৩ দিনের মধ্যে ইউনিট অফিস ফলাফল প্রকাশ করবে। ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.juniv.edu/admission) এবং অনুষদ/ইনস্টিটিউটের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। সংবাদপত্রে ফলাফল প্রকাশ করা হবে না।

৭. ভর্তির সময় ছাত্রছাত্রীর মূল সনদপত্র ও Academic Transcript, ভর্তি পরীক্ষার উত্তরপত্র, ছাত্রছাত্রীর ছবি (আপলোড করা ছবি) এবং হাতের লেখা ইত্যাদি যাচাই করা হবে।

৮. **লিখিত পরীক্ষার পাশ নম্বর ন্যূনতম ৩৫%।**

৯. OMR শিট (উত্তরপত্র)-এর নীচে নির্ধারিত স্থানে নির্দেশনা মোতাবেক একটি বাক্য বাংলা এবং একটি বাক্য ইংরেজিতে স্বহস্তে লিখতে হবে।

১০. E, F, G ও C ইউনিটের অন্তর্ভুক্ত আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রশ্নপ্রত্র ইংরেজিতে হবে। অন্য সব ইউনিটে কোন পরীক্ষার্থী ইচ্ছা করলে ইংরেজী ভাষায় পরীক্ষা দিতে পারবে। তবে এক্ষেত্রে প্রার্থীকে ভর্তি পরীক্ষার এক সপ্তাহ পূর্বে সংশ্লিষ্ট ইউনিট/বিভাগ প্রধান বরাবরে সাদা কাগজে একটি আলাদা আবেদন করে সম্মতি নিতে হবে।

১১. প্রতিবন্ধী ছাত্রছাত্রীর মধ্যে যাদের পরীক্ষা দেয়ার জন্য বিশেষ সাহায্য প্রয়োজন, তাদের সংশ্লিষ্ট ইউনিট/বিভাগ প্রধান বরাবরে সাদা কাগজে একটি আলাদা আবেদন করে সম্মতি নিতে হবে।

১২. ভর্তি পরীক্ষার উত্তরপত্রে (OMR শিট) ভর্তি পরীক্ষার রোল নম্বরসহ সংশ্লিষ্ট ঘরসমূহ ইংরেজিতে সংখ্যায় লিখতে হবে।

ছ. **বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষার নম্বর বন্টন ঃ**

১. গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ ঃ (A ইউনিট)
গণিত ২২, পদার্থবিজ্ঞান ২২, রসায়ন ২২, বাংলা ৩, ইংরেজি ৩ এবং বুদ্ধিমত্তা (বিজ্ঞান বিষয়ক) ৮ নম্বর ।

২. সমাজবিজ্ঞান অনুষদ ঃ (B ইউনিট)
বাংলা ১০, ইংরেজি ১৫, গণিত ১৫, সাধারণ জ্ঞান ২৫ এবং বুদ্ধিমত্তা ১৫ নম্বর।

৩. **কলা ও মানবিকী অনুষদ ঃ (C ইউনিট)**
বিভাগ ভিত্তিক ৮০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৪. জীববিজ্ঞান অনুষদ ঃ (D ইউনিট)
বাংলা ও ইংরেজি ৮, রসায়ন ২৪, জীববিজ্ঞান ৪৪ (উদ্ভিদবিজ্ঞান ২২, প্রাণিবিদ্যা ২২ নম্বর) এবং বুদ্ধিমত্তা ৪ নম্বর।

৫. বিজনেস স্টাডিজ অনুষদ ঃ (E ইউনিট)
বাংলা ১০, ইংরেজি ৩০, গণিত ৩০ এবং ব্যবসায় সম্পর্কিত সাধারণ জ্ঞান ১০ নম্বর ।

৬. আইন অনুষদ ঃ (F ইউনিট)
বাংলা ২৫, ইংরেজি ২৫ এবং সাম্প্রতিক বিষয় ও বুদ্ধিমত্তা ৩০ নম্বর।

৭. ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ) ঃ (G ইউনিট)
বাংলা ৫, ইংরেজি ৩০, Mathematical Aptitude ও IQ ৩০, সাম্প্রতিক ও বিশ্লেষণমূলক বিষয় ১০ এবং মৌখিক পরীক্ষায় ৫ নম্বর। মৌখিক পরীক্ষায় সর্বনিম্ন ৩৫% পেতে হবে।

৮. ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) ঃ (H ইউনিট)
বাংলা ০৫, ইংরেজি ১৫, গণিত ৪০ এবং পদার্থবিজ্ঞান ২০ নম্বর ।

জ. **ভর্তির জন্য নির্বাচন পদ্ধতি ঃ**

১. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে নিম্নের (২)-এ বর্ণিত নিয়ম অনুযায়ী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফলের জন্য প্রাপ্ত নম্বর যোগ করে মোট সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগের আসন সংখ্যার সর্বাধিক ১০ (দশ) গুণ ছাত্রছাত্রীর মেধা অনুযায়ী তালিকা প্রণয়ন করা হবে। G ইউনিট, নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগের ক্ষেত্রে চূড়ান্ত মেধাক্রম মৌখিক/ব্যবহারিক পরীক্ষার পরে প্রকাশ করা হবে।

২. গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ ছাত্রছাত্রীর মাধ্যমিক/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত গ্রেডকে ১.৫ দ্বারা এবং উচ্চমাধ্যমিক/ সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত গ্রেডকে ২.৫ দ্বারা গুণ করে ফলাফল তৈরি করা হবে।

৩. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সঙ্গে সামঞ্জস্য রক্ষার্থে ‘ও’ লেভেল এবং ‘এ’ লেভেলের ছাত্রছাত্রীর ক্ষেত্রে ‘এ’ গ্রেডের জন্য জিপিএ ৫, ‘বি’ গ্রেডের জন্য জিপিএ ৪, ‘সি’ গ্রেডের জন্য জিপিএ ৩.৫ এবং ‘ডি’ গ্রেডের জন্য জিপিএ ৩ গণ্য করা হবে।

৪. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকারের সময়সূচী পরবর্তীতে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। সাক্ষাৎকারের সময় হাতের লেখা এবং অন্যান্য কাগজপত্র যাচাই করা হবে।

ঝ. **ভর্তি পরীক্ষার তারিখ ঃ**
২৫/১০/২০১৫ তারিখ থেকে ০৫/১১/২০১৫ তারিখের মধ্যে (শুক্রবার এবং সরকারী ছুটির দিন ব্যতিত) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংবাদপত্র এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.juniv.edu/admission)-এ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

ঞ. পরীক্ষার হলে কোনপ্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন ও ঘড়ি নিয়ে আসা যাবে না। সময় দেখার জন্য পরীক্ষার হলে ঘড়ির ব্যবস্থা থাকবে। যদি পরীক্ষা চলাকালীন অবস্থায় কারো সাথে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি বা অন্যান্য সহায়ক ডিভাইস পাওয়া যায়, তাহলে তাৎক্ষণিকভাবে পরীক্ষার্থীকে পরীক্ষা থেকে বিরত করে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে সোর্পদ করা হবে।

ট. কোন ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে এবং যে কোন পর্যায়ে তা ধরা পড়লে তার জন্য তাকে নিম্নোক্ত এক বা একাধিক শাস্তি প্রদান করা হবে ঃ

১. কোন প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রছাত্রীর ক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধানকে চিঠির মাধ্যমে অবহিত করা হবে।
২. পত্রিকায় সচিত্র সংবাদ প্রকাশ করা হবে।
৩. থানায় মামলা দায়ের করা হবে।
৪. সকল ইউনিটের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
৫. ভর্তির যে কোন পর্যায়ে অথবা ভর্তির পর তার ভর্তি বাতিল করা হবে।

ঠ. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ এবং ভর্তি হওয়ার সময় ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের যাতায়াতের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন প্রকার যানবাহনের ব্যবস্থা করবে না।

ড. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে বিভিন্ন কোটায় ভর্তির আবেদন ভর্তি পরীক্ষার পর গ্রহণ করা হবে। এ ব্যাপারে পরবর্তীতে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

ঢ. ভর্তি পরীক্ষার সময় উচ্চমাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে আনতে হবে।

ণ. পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ এর সাথে সঙ্গতি রেখে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

ত. ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে ।

অনুসন্ধান ঃ **০১৭৮৭১২৩৬১৪, ০১৭৮৭১২৩৬১৫, ০১৭৮৭১২৩৬১৬**

স্বাক্ষর/-মোহাম্মদ আলী
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটি